

আন্তঃবিশ্ববিদ্যালয় এ্যাথলেটিকস প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর গোল্ড মেডেল অর্জন



আন্তঃ বিশ্ববিদ্যালয় এ্যাথলেটিকস প্রতিযোগিতা (২০১৯-২০)-এ লংজ্যাম্প এবং ট্রিপল জ্যাম্প ইংরেজি বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মোঃ হোসাইন মোরাদ গোল্ড মেডেল অর্জন করেন। এ উপলক্ষে আজ(১৯ জানুয়ারি-২০২১, মঙ্গলবার, সকাল:১১টায়) বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং ট্রেজারার ও কেন্দ্রীয় ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্য স্বাক্ষাৎ করেন। উল্লেখ্য উপাচার্য তাঁর কৃতিত্বের সম্মান স্বরূপ ব্লেজার প্রদান করেন।

এসময় ক্রীড়া উপ-কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নূর মোহাম্মাদ ও শরীর চর্চা শিক্ষাকেন্দ্রের সহকারী পরিচালক গৌতম কুমার দাস উপস্থিত ছিলেন।